

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-২
www.mohfw.gov.bd

নং ৪৫.১৫৬.০২৭.০০.০০.০০৪.২০১৭-৪৬৭

তারিখঃ ১৯.১০.২০১৭খ্রিঃ

বিষয়ঃ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী স্বাস্থ্য সেবা নীতিমালা ২০১৭

সড়ক মহাসড়ক নির্মাণে কারিগরি ত্রুটি, যানবাহন চলাচলে অনিয়ম, চালকের অদক্ষতা, সড়ক মহাসড়কে অবৈধভাবে স্থাপিত হাটবাজার ও স্থাপনা, অবৈধ ও অযান্ত্রিক যানবাহনের উপস্থিতি, জনসচেতনতার অভাব ও সড়ক-মহাসড়কে চলাচল উপযোগী নিরাপদ যানবাহনের অভাবে নাগরিকগণ প্রতিনিয়ত সড়ক দুর্ঘটনার শিকার হন। এ সকল আহত ব্যক্তি যথাসময়ে উপযুক্ত চিকিৎসার অভাবে কর্মক্ষমতা হারিয়ে ফেলেন, বিকলাঙ্গ বা পঙ্গুত্ব বরণ করেন এমনকি তাদের মৃত্যুর আশংকাও থাকে। এ ধরনের দুর্ঘটনার শিকার ব্যক্তির জরুরী চিকিৎসা আবশ্যিক। সে বিবেচনায় জাতীয় স্বাস্থ্য নীতি, ২০১১-এ জরুরী চিকিৎসা সেবাকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। এছাড়া টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ এর ৩.৬ নং সিদ্ধান্তে সড়ক দুর্ঘটনায় আহত বা মৃত্যুর সংখ্যা অর্ধেকে নামিয়ে আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। একইসাথে জাতীয় সড়ক নিরাপত্তা স্ট্র্যাটেজিক প্লান, ২০১৪-১৬ এর অনুচ্ছেদ ৯(১) এ জরুরী স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হয়েছে। এছাড়া, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৫০৯/২০১৬ এর ১০/২/২০১৬ তারিখের আদেশে Good Samaritan নীতি অনুসরণপূর্বক সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে নীতিমালা প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হ'লঃ

২.০. শিরোনাম

এ নীতিমালা 'সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী স্বাস্থ্য সেবা নীতিমালা, ২০১৭' নামে অভিহিত হবে।

৩.০ প্রযোজ্যতা

দেশের সকল সড়ক মহাসড়কে সংঘটিত দুর্ঘটনার ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।



৪.০ উদ্দেশ্য

৪.১ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে দ্রুততম সময়ে জরুরী চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকি ও প্রাণহানি হ্রাস করা; এবং

৪.২ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির সহায়তায় 'Good Samaritan' নীতি অনুসরণ ও তা অব্যাহত রাখার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ।

৫.০ সংজ্ঞা

৫.১ 'সড়ক দুর্ঘটনা' অর্থ সড়কে সংঘটিত কোন আকস্মিক বা অপ্রত্যাশিত বা অবহেলাজনিত ঘটনা, যার ফলে কোন ব্যক্তির আহত হওয়াসহ শারীরিক সক্ষমতা হ্রাস বা মৃত্যু ঝুঁকি সৃষ্টি হয়;

৫.২ 'জরুরী চিকিৎসা সেবা' অর্থ দুর্ঘটনায় আহত ব্যক্তিকে তাৎক্ষণিক চিকিৎসা প্রদানের লক্ষ্যে প্রদত্ত প্রাথমিক চিকিৎসা (First aid), পরামর্শ (Advice) অথবা সহায়তা (Assistance);

৫.৩ 'চিকিৎসক' অর্থ বাংলাদেশ মেডিকেল এবং ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনে ৬১ নং আইন) এর অধীনে নিবন্ধিত চিকিৎসক;

৫.৪ 'আহত ব্যক্তি' অর্থ সড়ক দুর্ঘটনার ফলে শারীরিক বা মানসিকভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি;

৫.৫ 'প্রাথমিক চিকিৎসা' অর্থ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জীবন রক্ষার্থে প্রদত্ত জরুরী চিকিৎসা সেবা;

৫.৬ 'Good Samaritan নীতি' অর্থ কোন প্রকার পুরস্কার বা আর্থিক সহায়তার প্রত্যাশা না করে স্বতঃপ্রণোদিতভাবে দুঃস্থ ব্যক্তির সাহায্যার্থে এগিয়ে আসা;

৫.৭ 'হাসপাতাল' অর্থ কোন সরকারি বা সরকার অনুমোদিত কোন বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম, মেডিকেল সেন্টার অথবা চিকিৎসা সেবা প্রদানের উদ্দেশ্যে স্থাপিত কোন মেডিকেল বিশ্ববিদ্যালয় কলেজ, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান, তা যে নামেই অভিহিত করা হোক না কেন;

৫.৮ 'স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি' অর্থ স্বাস্থ্য সেবা সংশ্লিষ্ট সংবিধিবদ্ধ সংস্থার অধীনে নিবন্ধিত চিকিৎসক, মেডিকেল এ্যাসিস্টেন্ট, নার্স, মিডওয়াইফ, প্রশিক্ষণরত মেডিকেল বা নার্স ছাত্র-ছাত্রী ও চিকিৎসা সহায়তাকারী অথবা স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবায় নিয়োজিত ব্যক্তি।



৬.০. সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী চিকিৎসা সেবা প্রদান

৬.১ হাসপাতাল স্থাপনের অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় অবকাঠামো, জনবল ও জরুরি চিকিৎসা সরঞ্জামাদিসহ জরুরি বিভাগ স্থাপনের শর্ত আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে। ইতোমধ্যে স্থাপিত হাসপাতালের অনুমতি/নিবন্ধন/লাইসেন্স নবায়নের ক্ষেত্রে উক্ত শর্ত পালন নিশ্চিত করতে হবে;

৬.২ সড়ক দুর্ঘটনায় আক্রান্ত ব্যক্তির জীবন রক্ষার্থে তাৎক্ষণিকভাবে তাকে নিকটতম হাসপাতালে প্রেরণ করতে হবে;

৬.৩ আহত ব্যক্তিকে হাসপাতালে তাৎক্ষণিকভাবে প্রাথমিক চিকিৎসা প্রদান করতে হবে;

৬.৪ আইনী জটিলতার সম্ভাবনা বিবেচনায় চিকিৎসা সেবা প্রদানে বিলম্ব করা যাবে না; এবং

৬.৪ আহত ব্যক্তির আর্থিক সক্ষমতা বিবেচনা না করে তাকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে।

৭.০. চিকিৎসা সেবা প্রদানে স্থানান্তর (Referral)

৭.১ গুরুতর আহত ব্যক্তির প্রাথমিক মেডিকেল স্ক্রিনিং করতে হবে;

৭.২ সংশ্লিষ্ট হাসপাতালের পূর্ণাঙ্গ (Integrated) চিকিৎসা সেবা সুবিধা বা সক্ষমতা না থাকলে রোগীর শারীরিক অবস্থা এবং প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত তথ্যাবলী লিপিবদ্ধ করে উপযুক্ত চিকিৎসা সুবিধা সম্বলিত হাসপাতালে স্থানান্তর (Refer) করতে হবে।

৮.০ উপযুক্ত সুবিধাসম্পন্ন হাসপাতাল কর্তৃক চিকিৎসা প্রদানের বাধ্যবাধকতা

৮.১ আহত ব্যক্তির চিকিৎসা প্রদানে সক্ষমতা সম্পন্ন হাসপাতাল কোন অবস্থাতেই রোগীর চিকিৎসা প্রদান ব্যতিরেকে ফেরৎ বা স্থানান্তর (Refer) করতে পারবে না।

৯.০ চিকিৎসাধীন ব্যক্তির সম্মতি গ্রহণ

৯.১ আহত ব্যক্তির জরুরী শল্য চিকিৎসার প্রয়োজন হলে উপযুক্ত অভিভাবক বা আত্মীয়ের অনুপস্থিতিতে কোন আত্মীয় বা অভিভাবকের সম্মতি ব্যতিরেকে প্রয়োজনীয় শল্য চিকিৎসার প্রস্তুতি গ্রহণ সাপেক্ষে চিকিৎসা প্রদান করা যাবে;



৯.২ উক্তরূপ জরুরী শল্য চিকিৎসার ফলে আহত ব্যক্তির জীবন নাশের আশঙ্কা থাকলে বা জীবন হানি ঘটলে উক্ত চিকিৎসকের বিরুদ্ধে কোনরূপ আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে না;

৯.৩ জরুরী চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে কোন চিকিৎসক বা স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তি অবহেলা বা শৈথিল্য প্রদর্শন করলে তা অসদাচরণ হিসেবে বিবেচিত হবে;

৯.৪ জরুরী চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে কোন হাসপাতাল অবহেলা বা শৈথিল্য প্রদর্শন করলে নিবন্ধন/লাইসেন্স/অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত হাসপাতালের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।

১০.০ আহত ব্যক্তির তথ্য সংরক্ষণ ও সরবরাহ করণ

১০.১ সকল হাসপাতাল সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত তথ্য নির্ধারিত ছক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করবে। স্বাস্থ্য অধিদপ্তর তাৎক্ষণিকভাবে তা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

১১.০ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে সহায়তা প্রদানকারীর ক্ষেত্রে প্রযোজ্য বিষয়সমূহ

১১.১ আহত ব্যক্তিকে Good Samaritan নীতি অনুসরণপূর্বক হাসপাতালে আনয়নকারী ব্যক্তিকে হাসপাতাল কর্তৃপক্ষ কোন প্রকার আটক করে রাখতে বা বিলম্ব করাতে বা অন্য কোন প্রকার হয়রানি করতে পারবে না;

১১.২ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে হাসপাতালে আনয়ন পরবর্তী স্বাস্থ্য সেবা প্রদানের দায়িত্ব হাসপাতাল কর্তৃপক্ষের উপর বর্তাবে;

১১.৩ হাসপাতালে পৌঁছানোর পর হাসপাতাল কর্তৃপক্ষ আহত ব্যক্তিকে সহায়তাকারী ব্যক্তির নাম, ঠিকানা ও প্রযোজ্য ক্ষেত্রে টেলিফোন নম্বর লিপিবদ্ধ করে সংরক্ষণ করবেন।

১২.০ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে জরুরী চিকিৎসা প্রদানের ক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থা বা অন্য কোন ব্যক্তি কর্তৃক করণীয়

১২.১ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তি সড়ক দুর্ঘটনার সাথে জড়িত থাকলে চিকিৎসা সেবা প্রদানের পূর্বে তাকে কোনরূপ হয়রানি বা আইনগত ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে কোন পুলিশ স্টেশনে প্রেরণ/আনয়ন করা যাবে না;

১২.২ একজন পুলিশ কর্মকর্তা কোন প্রকার আইনী (Medico-Legal) প্রক্রিয়া শুরু করার পূর্বে আহত ব্যক্তির প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা গ্রহন করবেন;

১২.৩ পুলিশ কর্মকর্তা আহত ব্যক্তির জখমের প্রকৃতি এবং আঘাতের বিস্তারিত বিবরণ প্রদানের জন্য কোন চিকিৎসক বা স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তিকে কোন প্রকার বল প্রয়োগ করতে পারবেন না;

১২.৪ আহত ব্যক্তিকে প্রয়োজনীয় চিকিৎসা সুবিধা সম্বলিত হাসপাতালে স্থানান্তরের ক্ষেত্রে এ্যাম্বুলেন্স না পাওয়া গেলে আইন প্রয়োগকারী সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপযুক্ত যানবাহনের ব্যবস্থা করবেন;

১২.৫ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির চিকিৎসার লক্ষ্যে সহায়তাকারী ব্যক্তিকে আইন প্রয়োগকারী সংস্থা Good Samaritan নীতি বিবেচনায় কোনরূপ হয়রানি করতে পারবে না।

১৩.০ জন সচেতনতা ও প্রচার

১৩.১ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী স্বাস্থ্য সেবা প্রদান বিষয়ে জন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সরকার নিয়মিত ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণসহ কর্মশালার আয়োজন করবে;

১৩.২ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীগণকে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান বিষয়ে নিয়মিত মহড়া ও প্রশিক্ষণ প্রদান করবে;

১৩.৩ সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে জরুরী চিকিৎসা প্রদানের লক্ষ্যে জরুরী বিভাগে দায়িত্বরত সকল চিকিৎসক ও স্বাস্থ্য সেবা প্রদানকারী ব্যক্তির আইনী প্রক্রিয়াসহ সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করতে হবে।

১৩.৪ সড়ক দুর্ঘটনায় আহত বা মৃত্যুবরণকারী পরিচয়হীন ব্যক্তির পরিচয় সন্ধানে সকল ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া বিনামূল্যে প্রয়োজনীয় প্রচারণার সহায়তা প্রদান করবে।

১৪.০ সরকারের ক্ষমতা

১৪.১ সরকার সময়ে সময়ে নীতিমালা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে পারবে।

স্বাক্ষরিত/-

মো: সিরাজুল হক খান

সচিব


স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০৩. মহাপরিচালক, নার্সিং মিডওয়াইফারী, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
০৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. অতিরিক্ত সচিব (মহাপরিচালক), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৮. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৯. উপসচিব (আইন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, সেগুন বাগিচা, ঢাকা
১২. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৩. পরিচালক(হাসপাতাল এন্ড ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪. অতিরিক্ত সচিব (হাসপাতাল/প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৫. যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা এবং মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


(দিলসাদ বেগম)
উপসচিব